গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
নেজারত শাখা

www.sylhet.gov.bd

**মহান বিজয়ের মাসকে বরণ উপলক্ষে বিজয় শোভাযাত্রা উপকমিটির সভার কার্যবিবরণিঃ**

সভাপতি : মোহাম্মদ মোবারক হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও
আহবায়ক, বিজয় শোভাযাত্রা উপকমিটি, সিলেট
তারিখ : ২৮ নভেম্বর ২০২২
স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করা হয় এবং পঁচাত্তরের ১৫ই আগস্ট জাতির পিতার পরিবারের শাহাদত বরণকারী সকল শহীদদের প্রতি গভির শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল বীর শহীদদের শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় এবং সকল শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়।

অতঃপর মহান বিজয় দিবস ২০২২ উদ্‌যাপনের নিমিত্ত গত ০৮ নভেম্বর ২০২২ তারিখের প্রস্তুতি সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে বিজয়ের মাসকে বরণ উপলক্ষে আগামি ০১ ডিসেম্বর ২০২২ তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ হতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত বিজয় শোভাযাত্রা সুষ্ঠু-সুন্দর ও আড়ম্বরপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে উপস্থিত সকলের মতামত/পরামর্শের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**সিদ্ধান্তসমূহ:**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সার্বিক নিরাপত্তা প্রদান | জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ হতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত বিজয় শোভাযাত্রার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট |
| ২. | মহান মুক্তিযুদ্ধ সংক্রান্ত বিভিন্ন রকমের পোস্টার, ফেস্টুন প্রস্তুত | মহান মুক্তিযুদ্ধ সংক্রান্ত বিভিন্ন রকমের পোস্টার, ফেস্টুন প্রস্তুতসহ শোভাযাত্রাকে জাকজমকপূর্ণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা কালচারাল অফিসার, সিলেট<br>২। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ৩. | জাতীয় পতাকা সরবরাহ ও প্রদর্শনের পর যথাযথ সংরক্ষণ | ক) বিজয় শোভাযাত্রাকে আকর্ষণীয় করার লক্ষ্যে পর্যাপ্ত সংখ্যক জাতীয় পতাকা সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>ক) জাতীয় পতাকার প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের লক্ষ্যে শোভাযাত্রা শেষে উপযুক্ত স্থানে জাতীয় পতাকা সংরক্ষণ করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, সিলেট<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। অংশগ্রহণকারী সকল সদস্য |
| ৪. | বীর মুক্তিযোদ্ধাগণের অংশগ্রহণ ও প্রতিকী উপস্থাপন | ক) বিজয় শোভাযাত্রায় জেলা ও মহানগর কমান্ডের মুক্তিযোদ্ধাগণ ব্যানারসহ অংশগ্রহণের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) বিজয় শোভাযাত্রার সম্মুখে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিকী উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব সুব্রত চক্রবর্তী জুয়েল, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা<br>২। জনাব ভবতোষ রায় বর্মন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট মহানগর<br>৩। জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ৫. | সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীগণ স্ব স্ব দপ্তরের ব্যানারসহ অংশগ্রহণ | ক) বিজয় শোভাযাত্রায় সকল সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে স্ব স্ব দপ্তরের কমন ব্যানারসহ বিজয় শোভাযাত্রায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। কমন ব্যানারের নমুনা নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট হতে সংগ্রহ করা যাবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট |
| | | খ) নার্সিং ইন্সটিটিউট, টিচার্স ট্রেনিং সেন্টার (টিটিসি), পিটিআই প্রশিক্ষণার্থী এবং যুব উন্নয়ন অধিদপ্তরাধীন যুব সংগঠকদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬. | বিজয় শোভাযাত্রায় শিক্ষার্থীদের উপস্থিতি | ০১ ডিসেম্বর ২০২২ সকাল ৮.৩০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে স্ব স্ব বিদ্যালয়ের ব্যানারসহ কমপক্ষে ১০০ জন করে (পরীক্ষার্থী ব্যতীত) শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ১। জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ৭. | কেন্দ্রীয় শহীদ মিনার এবং রাস্তা পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | ক) বিজয় শোভাযাত্রা উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ আগামি ৩০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে পরিস্কার পরিচ্ছন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ হতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত রাস্তা পরিস্কার পরিচ্ছন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ৮. | কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে ওয়ানটাইম গ্লাসসহ বিশুদ্ধ খাবার পানি সরবরাহ | বিজয় শোভাযাত্রা উপলক্ষে আগত অংশগ্রহণকারীগণের জন্য কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে ওয়ানটাইম গ্লাসসহ বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ৯. | বিজয় শোভাযাত্রার বিষয়টি বহুল প্রচার | মহান বিজয়ের মাসকে বরণ উপলক্ষে আয়োজিত বিজয় শোভাযাত্রার বিষয়টি বহুল প্রচার করতে হবে। | ১। জেলা তথ্য অফিস, সিলেট<br>২। বাংলাদেশ বেতার, সিলেট<br>৩। সভাপতি, জেলা প্রেসক্লাব/সিলেট প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট |
| ১০. | অপারেটরসহ পর্যাপ্ত মাইক সরবরাহ | বিজয় শোভাযাত্রা উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ ও কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে অপারেটরসহ পর্যাপ্ত মাইক সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট |
| ১১. | বাদকদল প্রেরণ | বিজয় শোভাযাত্রাকে আকর্ষণীয় ও বর্ণিল করার জন্য এসএমপি, জেলা পুলিশ এবং জেলা সমাজসেবা কার্যালয়ের সুসজ্জিত বাদক দল প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>২। পুলিশ সুপার, সিলেট<br>৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কাযালয়, সিলেট |
| ১২. | মেডিকেল টিম প্রেরণ | বিজয় শোভাযাত্রায় মেডিকেল টিম প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিভিল সার্জন, সিলেট |
| ১৩. | পর্যাপ্ত স্কাউটস সদস্য প্রেরণ | মহান বিজয়ের মাসকে বরণ উপলক্ষে ০১ ডিসেম্বর ২০২২ তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় বিজয় শোভাযাত্রায় পর্যান্ত সংখ্যক স্কাউটস সদস্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | সাধারণ সম্পাদক, জেলা স্কাউটস/মেট্রোপলিটন স্কাউটস/ রোভার স্কাউটস, সিলেট |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে আয়োজিত বিজয় শোভাযাত্রা সুষ্ঠুভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

27/11/2022

মোহাম্মদ মোবারক হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও
সভাপতি
বিজয় শোভাযাত্রা উপকমিটি, সিলেট
☎ ০২৯৯৬৬৩১০২০

স্মারক নম্বর ০৫.৪৬.৯১০০.০০৭.২৩.০০৬.২২.৮০৩

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯
২৮ নভেম্বর ২০২২

বিতরণঃ

.............................................................

.............................................................

............................................................. সিলেট